



## বিআইডব্লিউটিএ

বিশেষ নৌ-সতর্কীকরণ বিজ্ঞপ্তি নং-০৩/২০১৭

তারিখঃ ০১/০৩/২০১৭ ইং।

এতদ্বারা সকল নৌ-যানের মালিক/মাষ্টার/ড্রাইভারসহ নৌ-অপারেটরদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গত ২৮/০২/১৭ইং তারিখ রাত্র আনুমানিক ২০.০০ ঘটিকায় “এমভি সিয়াম প্রভা-২” নামক বালিবাহী/মালবাহী বাস্কহেড ফতুল্লা লঞ্চ ঘাটের নীচে আক্কাছ কোল্ড স্টোরেজ এর নিকটবর্তি ব্রাঞ্চগাঁও (মওলা গুদারা ঘাটের বিপরীতে) এলাকায় নিমজ্জিত হয়। স্থানীয় জন-সাধারণের নিকট হতে জানা গেছে যে, উক্ত ডুবন্ত নৌ-যানটি “আওলাদ-৭” নামক লঞ্চে ধাক্কায় নিমজ্জিত হয়েছে এবং উক্ত দুর্ঘটনায় কোন নিখোঁজ/হতাহতের খবর পাওয়া যায়নি। নিমজ্জিত নৌ-যানটির ব্রীজের উপরে ১৮' এবং ডুবন্ত স্থানে পানির গভীরতা ৩৫ ফুট। নিমজ্জিত নৌ-যানটিকে চিহ্নিত করার জন্য উক্ত স্থানে একটি স্ফেরিক্যাল রেক বয়া স্থাপন করা হয়েছে। ঢাকা-নারায়ণগঞ্জ এবং ঢাকা-চাঁদপুর-বরিশাল নৌ-পথে চলাচলকারী অর্থাৎ নিম্নমুখী সকল নৌ-যানসমূহকে বয়াটি হাতের ডানে এবং নারায়ণগঞ্জ-ঢাকা ও বরিশাল-চাঁদপুর-ঢাকাগামী সকল উর্ধ্বমুখী নৌ-যানসমূহকে উক্ত বয়াটি হাতের বামে রেখে সাবধানতার সহিত বিআইডব্লিউটিএ'র পাইলট নিয়ে চলাচল করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

পরিচালক  
নৌ-সংরক্ষণ ও পরিচালন বিভাগ  
বায়নৌপক, ঢাকা।